

৪৩টি কলেজের কেউ পাস করেনি

স্টাফরিপোর্টার, নীলফামারী

প্রকাশিত: ১২:৪৭, ১৬ অক্টোবর ২০২৫



উত্তরাঞ্চলের রংপুর বিভাগের আট জেলা নিয়ে গঠিত দিনাজপুর শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষায় পাসের হারে ধস নেমেছে। এই বোর্ডে এবার পাসের হার ৫৭.৪৯ শতাংশ। অথচ গত বছরের (২০২৪) পাসের হার ছিল ৭৭ দশমিক ৭৭.৫৬ শতাংশ। সেই হিসাবে এবার পাসের হার কমেছে ২৭ দশমিক ০৭ শতাংশ। এছাড়া এবার ৪৩ কলেজের কেউ পাস করেনি। তবে শতভাগ পাস করেছে মাত্র ১১টি কলেজ। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মহা. তৌহিদুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

পরীক্ষার ফলাফলে দেখা দেখা যায় ২০২৪ সালে জিপি-এ ৫ পেয়েছিল ১৪ হাজার ২৯৫ জন। সেখানে এবার জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ২৬০ জন। অর্থাৎ জিপিএ-৫ কমেছে ৮ হাজার ৩৫ জন। জিপিএ-৫ ও পাসের হার দুটিই কমেছে। বেড়েছে শূন্য পাসের কলেজের সংখ্যাও।

সুত্র মতে শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় ১ লাখ ৮ হাজার ৬৫৯ পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৬০ হাজার ৮৮২ পরীক্ষার্থী। গড় পাসের হার ৫৭ দশমিক ৪৯ শতাংশ।

উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে জিপিএ ৫ পেয়েছেন ৬ হাজার ২৬০ জন। জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ছাত্র ২ হাজার ৭৭৪ জন ও ছাত্রী ৩ হাজার ৪৮৬ জন। ছাত্রদের পাসের হার ৫২ দশমিক ৬৫ শতাংশ ও ছাত্রীদের পাসের হার ৬১ দশমিক ৯২ শতাংশ। ২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় শতভাগ অকৃতকার্য হওয়া কলেজের সংখ্যা ৪৩টি ও শতভাগ কৃতকার্য হয়েছে এমন কলেজের সংখ্যা ১১টি। এছাড়া ২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

বিজ্ঞান বিভাগে ২৬ হাজার ১৬৬ পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ১৯ হাজার ৫২৬ জন। বিজ্ঞান বিভাগে গড় পাসের হার ৭৬ দশমিক ১২ শতাংশ। মানবিক বিভাগে ৭৪ হাজার ৮০২ পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৩৮ হাজার ২৪১ জন। মানবিক বিভাগে গড় পাসের হার ৫২ দশমিক ৫১ শতাংশ। আর ব্যবসায় শিক্ষা বিভাগে ৭ হাজার ৬৯১ পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৩ হাজার ১১৫ জন। ব্যবসায় শিল্প বিভাগে গড় পাশের হার ৪২ দশমিক ০৫ শতাংশ।

